# আত-তাকভীর | At-Takwir | ٱلتَّكْوِير

আয়াতঃ ৮১ : ১৭

## আরবি মূল আয়াত:

وَ الَّیۡلِ اِذَا عَسۡعَسَ ﴿۱۷﴾

## অনুবাদসমূহ:

আর কসম রাতের, যখন তা বিদায় নেয়। — আল-বায়ান

শপথ রাতের যখন তা বিদায় নেয় — তাইসিরুল

শপথ রাতের যখন ওর আবির্ভাব হয়, — মুজিবুর রহমান

And by the night as it closes in — Sahih International

### ১৭. শপথ রাতের যখন তা শেষ হয়(১),

(১) عَسْعَسَশব্দটির দুটি অর্থ হতে পারে। একটি উপরে আছে, তা হচ্ছে বিদায় নেয়া, শেষ হওয়া। অপর অর্থ হল আগমন করা, প্রবেশ করা। তখন আয়াতটির অর্থ হয়, শপথ রাতের, যখন তা আগমন করে। [ইবন কাসীর]

তাফসীরে জাকারিয়া

### ১৭। শপথ রাত্রির, যখন তার অবসান হয়। [1]

[1] عسعسশব্দটি বিপরীতধর্মী অর্থবোধক শব্দ; এটি আগমন ও অবসান উভয় অর্থে ব্যবহার হয়। তবে এখানে অবসান হওয়ার অর্থেই ব্যবহার হয়েছে।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=5817

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন